গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
www.doict.fulbaria.mymensingh.gov.bd

বিষয়ঃ ফ্রিল্যান্সার নিবন্ধন ও আইডি কার্ড প্রদান কার্যক্রম সম্পর্কে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে সভার কার্যবিবরণী।

সভাপতি	শরিফুল ইসলাম উপজেলা আইসিটি অফিসার
সভার তারিখ	০৮ জুলাই ২০২৬ খ্রি.
সভার সময়	বেলা ২.৩০ ঘটিকা।
স্থান	অনলাইন জুম প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট- "ক" তে সংযুক্ত

সভাপতি সভায় উপস্থিত সকল আইসিটি প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের পরিচালক ও প্রশিকক্ষগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের পরিচালক ও প্রশিক্ষকগণ প্রশিক্ষনের মান উন্নয়নের বিষয়ে তাদের বিভিন্ন মতামত তুলে ধরেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

১। সভার আলোচনা এবং সিদ্ধান্তঃ

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
০১	আইসিটির বিকাশ ও উন্নয়নে আইসিটি প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা।	ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ১০টি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। কেন্দ্রগুলো থেকে ৩৬০ ঘন্টা ব্যাপী ০৫টি কোর্স চালু রয়েছে। উক্ত কোর্সগুলোর প্রশিক্ষণ নিয়ে প্রশিক্ষণার্থীগণ আউটসোর্সিং ফ্রিল্যান্সিংসহ বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত রয়েছে। সভায় আরো কিছু কোর্স চালু করার বিষয়ে পরিচালকগণ উপজেলা আইসিটি অফিসারের সহযোগিতা কামনা করেন।	১.০। উপজেলা আইসিটি অফিসার আইসিটি প্রশিক্ষনের বিষয়ে প্রতিষ্ঠান পরিদর্শন করে সার্বিক সহযোগিতা করবেন।
০২	আইসিটি প্রশিক্ষনের গুনগত মানবৃদ্ধি সংক্রান্ত আলোচনা।	সভায় আইসিটি প্রশিক্ষনের মান উন্নয়নের জন্য কি কি করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মান উন্নয়নের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদিত সিলেবাস যথাযথভাবে অনুসরণ করার বিষয়ে আলোচনা করা হয়।প্রত্যেক কোর্সের জন্য মানসম্পন্ন প্রশিক্ষক নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়। চূড়ান্ত পরীক্ষার পূর্বে টেস্ট পরীক্ষা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। প্রশিক্ষনের মান উন্নয়নের জন্য প্রতিষ্ঠানের পরিচালকগন তার প্রতিষ্ঠানের প্রশিক্ষকগণকে আইসিটি অধিদপ্তর থেকে উচ্চতর প্রশিক্ষণ প্রদান, সভা ও সেমিনার আয়োজন করার জন্য অনুরোধ করেন। এছাড়া উপজেলার শ্রেষ্ট প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান ও আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করেন। স্থানীয় ছাত্র-ছাত্রীদেরকে প্রশিক্ষণে উদ্বুদ্ধ করার জন্য প্রশিক্ষণার্থীগনের সনদ বিতরণ কার্যক্রমটি উপজেলা পরিষদ থেকে একসঙ্গে করার জন্য অনুরোধ করেন। সরকারি কোন প্রতিষ্ঠানের অনুমোদন ব্যতীত যে সকল প্রতিষ্ঠান কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ সেবা দিচ্ছেন, সে সকল প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সরকারী প্রতিষ্ঠানের অনুমোদন ব্যতীত কম্পিউটার প্রশিক্ষণ প্রতিষ্ঠান গুলো যেন মানসম্মত প্রশিক্ষণ প্রদান করে সেই বিষয়ে সভায় আলোচনা করা হয়। শ্রেষ্ঠ প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে একটি ছক প্রস্তুত করে সেই অনুযায়ী মানসম্পন্ন প্রতিষ্ঠানকে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান নির্বাচন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় উপজেলা আইসিটি অফিসার প্রত্যেক প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে প্রতিষ্ঠানের নামে ফেইজবুক পেইজ খুলে প্রশিক্ষণের বিষয়ে প্রচার-প্রচারণা করার জন্য অনুরোধ করেন।	২.০। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সিলেবাস অনুযায়ী যথাযথভাবে প্রশিক্ষণ প্রদান করতে হবে। ২.১। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরিক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীগনের সনদ উপজেলা থেকে আনুষ্ঠানিকভাবে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২.২। শ্রেষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩	ফ্রিল্যান্সার নিবন্ধন ও আইডি কার্ড প্রদান	সভায় আইসিটি প্রশিক্ষন প্রতিষ্ঠানের মাধ্যমে ফ্রিল্যান্সার নিবন্ধন ও আইডি কার্ড প্রদান জন্য কি কি করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপজেলা আইসিটি অফিসার প্রত্যেক প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে তাদের নিজস্ব ফেইজবুক পেইজের মাধ্যমে ফ্রিল্যান্সার নিবন্ধন ও আইডি কার্ড প্রদান করার বিষয়টি প্রচার-প্রচারণা করার জন্য অনুরোধ করেন। সভায় ফ্রিল্যান্সার ডাটাবেজ প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়। ফ্রিল্যান্সার ডাটাবেজ প্রস্তুত এর বিষয়ে উপজেলা আইসিটি অফিসার সকল প্রতিষ্ঠানের পরিচালক ও প্রশিক্ষকগণের সহযোগিতা প্রত্যাশা করেন।	৩.১। ফেইজবুক পেইজের মাধ্যমে ফ্রিল্যান্সার নিবন্ধন ও আইডি কার্ড প্রদান করার বিষয়টি প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৪	বিবিধ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তয়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় ফুলবাড়ীয়া উপজেলায় ইন্টারনেট সংযোগ প্রদান করা হচ্ছে। এই সংযোগ যেন আইসিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে স্বল্প মুল্যে প্রদান করা হয় সে বিষয়ে সভায় আলোচনা করা হয়।	৪.১। আইসিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে স্বল্প মুল্যে ইন্টারনেট সংযোগ প্রদানের বিষয়ে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২১-০৭-২০২৬
শরিফুল ইসলাম
উপজেলা আইসিটি অফিসার
ফোন : +৮৮০২৯৯৬৬৭৫১৪০
ইমেইল : smshariful85@gmail.com

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

নম্বর: ৫৬.০৪.৬১২০.০০০.০০১.০৬.০০০১.২৪.৩৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ও সভাপতি উপজেলা আইসিটি বিষয়ক কমিটি, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ(সদয় অবগতির জন্য)।
৩। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ।
৪। পরিচালক, ফুলবাড়িয়া আইসিটি ট্রেনিং ইনস্টিটিউট, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৫। পরিচালক, গ্লোবাল আইটি কম্পিউটার ট্রেনিং সেন্টার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৬। পরিচালক, আইটি সনিক কম্পিউটার ট্রেনিং সেন্টার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৭। পরিচালক, মেরিট ইনফরমেশন এন্ড কম্পিউটার টেকনোলজি পয়েন্ট, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৮। পরিচালক, কলমদারি কম্পিউটার একাডেমী, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৯। পরিচালক, ফুলবাড়িয়া কম্পিউটার ট্রেনিং সেন্টার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
১০। পরিচালক, আছিম কম্পিউটার ট্রেনিং ইনস্টিটিউট, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
১১। পরিচালক, ফুলবাড়িয়া শহীদ স্মৃতি কম্পিউটার একাডেমি, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
১২। পরিচালক, এস কে কম্পিউটার ট্রেনিং সেন্টার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
১৩। পরিচালক, পলাশ কম্পিউটার ট্রেনিং সেন্টার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
১৪। পরিচালক, কেশরগঞ্জ কম্পিউটার ট্রেনিং সেন্টার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
১৫। পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব কম্পিউটার টেকনোলজি, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।





২১-০৭-২০২৬
শরিফুল ইসলাম
উপজেলা আইসিটি অফিসার ফুলবাড়ীয়া,
ময়মনসিংহ